

১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪
১০/৩/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৪.২৫.২৭৭.২৩-২৬৮৪


তারিখ: : ১০/৩/২০২৪ খ্রি:

অফিস আদেশ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অগ্নিদুর্ঘটনাসহ সকল দুর্ঘটনায় প্রথম জরুরী সেবা প্রদানকারী সুশৃঙ্খল পোষাকধারী অপারেশনাল প্রতিষ্ঠান। এই অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী অগ্নিকান্ডসহ সকল দুর্ঘটনা মোকাবিলা ও সাধারণ জনগণকে সচেতন করার লক্ষ্যে দেশব্যাপী মহড়া, সার্ভে, রিস্ক অ্যাসেসমেন্ট এবং স্বেচ্ছাসেবক প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে থাকে। তবে, এসকল কার্যক্রমগুলো বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতায় অথবা বেসরকারি প্রতিষ্ঠান, এনজিও, আইএনজিও এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে সম্পন্ন হয়ে থাকে।

সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিদপ্তরের আদেশ ব্যতীত বেসরকারি প্রতিষ্ঠান, এনজিও, আইএনজিও এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মহড়া, সার্ভে, রিস্ক অ্যাসেসমেন্ট, স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ ও সতেজকরণ প্রশিক্ষণসমূহ সম্পন্ন করা হচ্ছে। ইহা সুশৃঙ্খল বাহিনীর ক্ষেত্রে মোটেও কাম্য নয় এবং কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এধরনের কার্যক্রম পরিচালনা করা অধিদপ্তরের আদেশের সুস্পষ্ট লঙ্ঘন। এধরনের কর্মকাণ্ডের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে দাপ্তরিক বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বাহিনীতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের অধিদপ্তরের আদেশ ব্যতীত বেসরকারি প্রতিষ্ঠান, এনজিও, আইএনজিও এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মহড়া, সার্ভে, রিস্ক অ্যাসেসমেন্ট, স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ ও সতেজকরণ প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকাণ্ডে অংশগ্রহণ হওয়া থেকে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১০/৩/২৪

লেঃ কর্নেল রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/ অপাঃ ও মেইন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (অপাঃ ও মেইন/উন্নয়ন/পরিকল্পনা কোষ/অ্যাশুলেঙ্গ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
- ৩। সহকারি পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়ারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৫। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
- ৬। সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....(সকল)।
- ৭। উপসহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....(সকল)।
- ৮। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।